

# মুগ্ধত্ব

## শাবির ১০ শিক্ষার্থী বহিকার

👤 শাবি প্রতিনিধি

⌚ ২০ জুন ২০২৩, ০১:৩৯:১২ | অনলাইন সংক্রান্ত



শৃঙ্খলা ভঙ্গের দায়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চার বিভাগের মোট ১০ জন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিকার করা হয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের ২২৮-তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে এদিন বিকালে গণমাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

উপাচার্য জানান, ক্লাসে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বাংলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী গুলশান আহমেদকে দুই বছরের (চার সেমিস্টার) জন্য বহিকার করা হয়েছে। বহিকার আদেশ বহাল থাকা অবস্থায় হলে ও ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন না তিনি।

জানা যায়, সহপাঠীকে মারধর করার অভিযোগের ভিত্তিতে তাকে বহিকার করা হয়।

পাশাপাশি বাংলা বিভাগের একই বর্ষের সালমা আক্তার বিধী নামের আরেক শিক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য দুই বছরের (চার সেমিস্টার) জন্য বহিকার করা



এছাড়াও অর্থনীতি বিভাগের স্নাতক ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ জন এবং স্নাতকোত্তর ২০২০-২১ শিক্ষাবর্ষের পাঁচজন, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের একজন এবং রসায়ন বিভাগের একজন শিক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য একটি করে কোর্স বাতিল করা হয়েছে। পরবর্তী সেমিস্টারে তারা এ কোর্স রেজিস্ট্রেশন করতে পারবেন বলে জানা যায়।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023